# মাঠ পর্যায়ের কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন (২০১৭-২০১৮)

বিভাগঃ খুলনা
জেলার নামঃ কুষ্টিয়া
উপজেলার নামঃ খোকসা

০১। প্রেক্ষাপটঃ
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ২০২১ সালে ''সোনার বাংলা গড়ার প্রত্যয়: জাতীয় শুদ্ধাচার কৌশল, শিরোনামে জাতীয় শুদ্ধাচার কৌশল প্রণয়ন করেছেন।
জাতীয় শুদ্ধাচার কৌশলের রূপকল্প হলোঃ সুখী-সমৃদ্ধ সোনার বাংলা'' এবং অভিলক্ষ
হলোঃ রাষ্ট্রীয় প্রতিষ্ঠান ও সমাজের সুশাসন প্রতিষ্ঠা।
জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে উতোপূর্বে ০১ জানুয়ারি ২০১৫ থেকে ৩০ জুন ২০১৬ মেয়াদের জন্য শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো প্রণয়ন করা হয়। ২০১৬-২০১৭ অর্থবছরে বিভিন্ন মন্ত্রণালয়ের পাশাপাশি মন্ত্রণালয়ের অধীন বিভাগ, সংস্থা, মাঠ পর্যায়ের বিভাগীয়, আঞ্চলিক এবং জেলা ও উপজেলা পর্যায়সমূহে জাতীয় শুদ্ধাচার কৌশল পরিকল্পনা ও বাস্তবায়ন পরিবীক্ষণ প্রতিবেদন প্রণয়ন সংক্রান্ত নীতিমালার আলোকে খোকসা উপজেলার জাতীয় শুদ্ধাচার কৌশল ও কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন পরিবীক্ষণ কর্মসূচি ২০১৭-২০১৮ প্রণয়ন করা হলো।

কর্ম পরিকল্পনা

| অর্থবছর | সময়সীমা | বিষয় | বাসত্মবায়নকারী কর্তপক্ষ |
|---|---|---|---|
| ক. জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো পরিবীক্ষণ | | | |
| ২০১৭-২০১৮ | ০১ জানুয়ারি ২০১৮ | জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো প্রণয়নের জন্য গাইড লাইন উপজেলার সকল বিভাগকে অনুরোধ জ্ঞাপন। | ১। উপজেলার সকল বিভাগসমূহ<br>২। ইউনিয়ন পরিষদ (সকল) |
| ২০১৭-২০১৮ | ০৬ জানুয়ারি ২০১৮ | জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামোর খসড়া প্রস্তুতকরণ ও নৈতিকতা কমিটিতে অনুমোদন। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলার সকল বিভাগসমূহ |
| ২০১৭-২০১৮ | ১৪ জানুয়ারি ২০১৮ | জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ অনুমোদিত কাঠামোর বিষয়ে সকল বিভাগসমূহকে দিক নির্দেশনা প্রদান। | খোকসা উপজেলার নৈতিকতা কমিটি |
| ২০১৭-২০১৮ | ১৭-১৮ জানুয়ারি ২০১৮ | জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামোর খসড়া নৈতিকতা কমিটি কর্তৃক অনুমোদন করে চূড়ান্ত কর্ম-পরিকল্পনা জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণ। | উপজেলা নির্বাহী অফিসার |
| ২০১৭-২০১৮ | ২১ জানুয়ারি ২০১৮ | জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো উপজেলা এবং জেলা ওয়েব সাইটে প্রকাশ। | উপজেলা নির্বাহী অফিসার |

| খ. জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাসস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো পরিবীক্ষণ | | | |
|---|---|---|---|
| ২০১৭-২০১৮ | এপ্রিল ২০১৮ মাসের ১ম সপ্তাহে | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাসস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামোতে উলেস্নখিত লক্ষ্যমাত্রার বিপরীতে ১ম ত্রৈমাসিক প্রতিবেদন জেলা প্রশাসক বরাবর প্রেরণ (জানুয়ারি/১৮ হতে মার্চ/১৮)। | উপজেলা নির্বাহী অফিসার |
| ২০১৭-২০১৮ | জুলাই ২০১৮ মাসের ১ম সপ্তাহে | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাসস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামোতে উলেস্নখিত লক্ষ্যমাত্রার বিপরীতে ২য় ত্রৈমাসিক প্রতিবেদন জেলা প্রশাসক বরাবর প্রেরণ (এপ্রিল/১৮ হতে জুন/১৮)। | উপজেলা নির্বাহী অফিসার |
| ২০১৭-২০১৮ | অক্টোবর ২০১৮ মাসের ১ম সপ্তাহে | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাসস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামোতে উলেস্নখিত লক্ষ্যমাত্রার বিপরীতে ৩য় ত্রৈমাসিক প্রতিবেদন জেলা প্রশাসক বরাবর প্রেরণ (জুলাই/১৮ হতে সেপ্টেম্বর/১৮)। | উপজেলা নির্বাহী অফিসার |
| ২০১৭-২০১৮ | জানুয়ারি ২০১৯ মাসের ১ম সপ্তাহে | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাসস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামোতে উলেস্নখিত লক্ষ্যমাত্রার বিপরীতে ৪র্থ ত্রৈমাসিক প্রতিবেদন জেলা প্রশাসক বরাবর প্রেরণ (অক্টোবর/১৮ হতে ডিসেম্বর/১৮)। | উপজেলা নির্বাহী অফিসার |

০২। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো ২০১৭-২০১৮ঃ

২.১। প্রাতিষ্ঠানিক ব্যবস্থাঃ

(K) নৈতিকতা কমিটির প্রতি ০৩ মাসে একটি করে সভা।

(L) নৈতিকতা কমিটির সভায় গৃহিত সিদ্ধান্ত বাস্তবায়নের হার এবং লক্ষ্যমাত্রা।

(M) মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অন্তরায় চিহ্নিতকরণ।

২.২। সচেতনতা বৃদ্ধি

সকল বিভাগ এবং মাঠ পর্যায়ের সকল কার্যালয়সমূহের কর্মচারীকে জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত পরিবীক্ষণ প্রদান।

২.৩। শুদ্ধাচার চর্চার জন্য প্রণোদনা প্রদানঃ

(K) শুদ্ধাচার চর্চার জন্য শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা ২০১৭ অনুযায়ী প্রণোদনা প্রদানের জন্য কমিটি গঠন।

(L) দপ্তর সমূহের কর্মচারীগণকে প্রণোদনা প্রদানের নিমিত্তে গ্রেড ভিত্তিক মূল্যায়ন পদ্ধতি অনুসরণ করে পুরস্কার প্রদান।

চলমান পাতা- ০৩

২.৪। জনসেবা সহজীকরণের লক্ষ্যে ই-গভর্ন্যান্স ও সেবার মান উন্নীতকরণঃ

* পরিবর্তিত ফরম্যাটে সেবা প্রদান প্রতিশ্রম্নতি (সিটিজেন চার্টার) প্রণয়ন নিশ্চিত করে কত সময়সীমার ভেতরে সেবা প্রদান করা হবে তা উলেস্নখ করে সিটিজেন চার্চার হালনাগাদ প্রদর্শন করা।
* মাঠ পর্যায়ের বিভিন্ন কার্যালয়ে ক্রয়ের প্রয়োজনীয়তা এবংসক্ষমতা বিবেচনা করে ই-টেন্ডারের মাধ্যমে কার্য সম্পাদন করতে হবে। বার্ষিক পরিকল্পনা অনুযায়ী ই-টেন্ডারের একক শতকরা হার প্রকাশ করতে হবে। ই-টেন্ডার ব্যতীত অন্যান্য ক্রয় ক্ষেত্রে দরপত্র/কোটেশন/নোটিশ ওয়েব সাইটে প্রকাশ করতে হবে।
* সামাজিক যোগাযোগ মাধ্যমসহ বিভিন্ন মাধ্যম ব্যবহার করে মাঠ পর্যায়ের কার্যালয়ের সঙ্গে অনলাইন কনফারেন্সের আয়োজন করতে হবে।
* দাপ্তরিক কাজে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করার উৎসাহিত করার জন্য সামাজিক যোগাযোগ মাধ্যম (ফেসবুক) চালু করতে হবে।
* মাঠ পর্যায়ের কার্যালয়ে সরকারি কাজ সম্পাদনের ক্ষেত্রে কম্পিউটার ব্যবহার করে বাংলা টাইপ করা হলে তার প্রণীতকরণ নিশ্চিত করণার্থে ইউনিকোড/নিকস ফ্রন্ট ব্যবহার করতে হবে।

২.৫। জনসেবা সহজীকরণের লক্ষ্যে উদ্ভাবনী উদ্যোগ ও সেবা পদ্ধতি সহজীকরণঃ

* মাঠ পর্যায়ের কার্যালয়সমূহে বর্তমানে ইংরেজী ক্যালেন্ডার বছর অনুসরণ করে বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা প্রণয়ন করছে। আগামী ২০১৭-২০১৮ অর্থবছরে তা অর্থবছর অনুসারে প্রণয়নের লক্ষ্যে বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০১৭-২০১৮ প্রণয়ন করতে হবে।
* মাঠ পর্যায়ের কার্যালয়সমূহ কর্তৃক প্রণীত বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা অনুযায়ী ০২টি উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নের জন্য সম্ভাব্য ০২টি ভিন্ন ভিন্ন তারিখ উলেস্নখ করতে হবে এবং ০২টি উদ্ভাবনী সেবা চালুর পদক্ষেপ গ্রহণ করতে হবে।
* মাঠ পর্যায়ের কার্যালয়ে কমপক্ষে ০১টি করে সেবার বিদ্যমান পদ্ধতি সহজীকরণের উদ্যোগ তারিখ নির্ধারণ করতে হবে।

২.৬। জবাবদিহি শক্তিশালীকরণঃ

* দ্রুততম সময়ে অভিযোগ নিষ্পত্তি করতে হবে এবং কত দিনের মধ্যে নিষ্পত্তি করা হবে তা নির্দিষ্ট করে দিতে হবে।
* অভিযোগ নিষ্পত্তি করে কত দিনের মধ্যে সংশ্লিষ্ট ব্যক্তিকে অবহিত করা হবে তা উল্লেখ করতে হবে।
* তথ্য অধিকার আইনের আওতায় দায়িত্বপ্রাপ্ত কর্মকতার নাম ও ঠিকানা ইমেইল নাম্বারসহ ওয়েব সাইটে উল্লেখ করতে হবে।
* তথ্য অধিকার আইনের আওতায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার জন্য প্রস্তুতকৃত অনুলাইন প্রশিক্ষণ মডিউল তথ্য কমিশনের ওয়েব সাইট www.infocom.gov.bd এই ঠিকানা অথবা

https://eliademy.com/catalog/catalog/product/view/sku/69237b2c9a

এই ঠিকানায় আপলোড করতে হবে। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অনলাইন প্রশিক্ষণ সম্পন্ন করে সনদপ্রাপ্তির সম্ভাব্য তারিখে প্রাপ্ত সনদপত্রের ছায়ালিপি সংশিষ্ট ত্রৈমাসিক প্রতিবেদনের সঙ্গে উর্ধ্বতন কর্তৃপক্ষের বরাবরে প্রেরণ করতে হবে।

চলমান পাতা- ০৪

* দুর্নীতি প্রতিরোধ সম্পর্কিত কার্যক্রম যেমন- ইলেকট্রনিক উপস্থিতি, গণশুনানী ইত্যাদি গ্রহণ পূর্বক সংরক্ষণ করতে হবে।
* দপ্তর/সংস্থা দুর্নীতি ক্ষেত্রেসমূহ (Grey Area) চিহ্নিত করতে হবে।

২.৭। সকল বিভাগের প্রধান/নৈতিকতা কমিটির শুদ্ধাচার প্রসার ও প্রচারের জন্য নিমেণাক্ত কার্যক্রম ত্রৈমাসিক ভিত্তিতে বিভাজন করে কার্যক্রম লক্ষ্যমাত্রা নির্ধারণ করতে হবে। প্রয়োজনে বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রণয়ন, বিলম্বে উপস্থিতির জন্য ব্যবস্থা গ্রহণ, ইনভেন্টোরি রেজিষ্টার চালুকরণ। এ ধরণের কার্যক্রম গ্রহণের লক্ষ্যমাত্রা ত্রৈমাসিক বিভাজন করে অর্ন্তভূক্তি করতে হবে।

২.৮। শুদ্ধাচার বাস্তবায়নের কার্যক্রম ব্যয় বহনের জন্য অর্থ বিভাগ থেকে প্রাপ্ত অর্থ উত্তোলন করে সম্ভাব্য ব্যয় নির্বাহ করতে হবে।

২.৯। পরিবীক্ষণঃ

* মন্ত্রিপরিষদ বিভাগ থেকে প্রাপ্ত নির্দেশনার আলোকে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা তারিখ নির্ধারণ ও পরিবীক্ষণ কাঠামো প্রণয়ন করে সংশিস্নষ্ট উর্ধ্বতন কার্যালয়/দপ্তর/সংস্থায় দাখিল করতে হবে। সে সঙ্গে প্রথম কোয়ার্টারে প্রদর্শন করতে হবে।
* প্রত্যেক কোয়ার্টারে শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামোর সংশিস্নষ্ট কোয়ার্টারে প্রকৃত অর্জন উলেস্নখ করতে হবে।

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাসত্মবায়ন ও পরিবীক্ষণ কাঠামো ২০১৭-২০১৮ এর নিমণবর্ণিত সদস্য সমন্বয়ে নৈতিকতা কমিটি গঠন করা হলোঃ

খোকসা উপজেলা নৈতিকতা কমিটি

| | |
|---|---|
| ০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৭৮, কুষ্টিয়া-০৪ | উপদেষ্টা |
| ০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, খোকসা, কুষ্টিয়া | উপদেষ্টা |
| ০৩। ভাইস/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, খোকসা | উপদেষ্টা |
| ০৪। উপজেলা নির্বাহী অফিসার, খোকসা, কুষ্টিয়া | সভাপতি |
| ০৫। সকল বিভাগীয় প্রধান, খোকসা, কুষ্টিয়া | সদস্য |
| ০৬। ইউপি চেয়ারম্যান (সকল), খোকসা, কুষ্টিয়া | সদস্য |
| ০৭। উপজেলা প্রকৌশলী, খোকসা, কুষ্টিয়া | সদস্য-সচিব |

তথ্য অধিকার আইনে তথ্য প্রদানের নিমিত্তে নিমণবর্ণিত কর্মকর্তাকে তথ্য অধিকার আইনে তথ্য প্রদানের জন্য ‘‘দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা’’ হিসেবে নির্বাচন করা হলোঃ

| দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম | পদবী | অফিস ঠিকানা | মন্তব্য |
|---|---|---|---|
| জনাব বিষ্ণুপদ সাহা | উপজেলা কৃষি অফিসার | খোকসা, কুষ্টিয়া | |

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অনলাইনে উপরোল্লিখিত ঠিকানা থেকে প্রশিক্ষণ মডিউল আপলোড করে অনলাইন প্রশিক্ষণ সম্পন্ন করে প্রশিক্ষণ প্রাপ্তির পর প্রতি কোয়ার্টারে তথ্য প্রদানের সময় প্রশিক্ষণ সংক্রান্ত সনদপত্রের ছায়ালিপিসহ প্রতিবেদন দাখিল করবেন।

মোছাঃ সেলিনা বানু
উপজেলা নির্বাহী অফিসার
খোকসা, কুষ্টিয়া।
ফোনঃ ০৭০২৪-৫৬৩০১, ফ্যাক্সঃ ০৭০২৪-৫৬৪০০
মোবাইলঃ ০১৭৩০ ৪৭৩৬২৯
ইমেইলt unokhoksa@mopa.gov.bd